"হে প্রভো! যদ্যপি তুমি আমার বহুই উপকার করিয়াছ, তথাপি আমার ইহাই শেষ প্রার্থনা—তোমার চরণে আমার সতত প্রণাম থাকুক। হে মহাযোগিন! তোমার চরণে একান্ত শরণাগত আমাকে তেমনই ভাবে শিক্ষা প্রদান কর—যে প্রকার শিক্ষায় মুক্তি অবস্থাতেও তোমার চরণকমলে আমার অনপায়িনী অর্থাৎ অবিচলা রতি থাকে॥" ৩৩৫॥

অতএব অন্যস্থানেও অর্থাৎ অন্য অধিকারীর প্রতিও শ্রীকৃষ্ণস্বরূপের ধ্যান করিবারই অভিপ্রায় ১১।১৪।৩০ শ্লোকে প্রকাশ করিয়াছিলেন। অর্থাৎ যাহারা মুক্তি ইচ্ছা করেন, তাঁহাদের পক্ষেও যে শ্রীকৃষ্ণস্বরূপের ধ্যান করা কর্ত্তব্য—এই অভিপ্রায়েই প্রার্থনা করিয়াছিলেন—

যথা ত্বামরবিন্দাক্ষ যাদৃশং যাবদাত্মকম্।
ধ্যায়েন্মুমুক্ষুরে তন্মে ধ্যানংমে বক্তুমর্হসি॥ ১১।১৪।৩০

"হে অরবিন্দাক্ষ! মুমুক্ষু ব্যক্তি তোমাকে যে স্বরূপ ধ্যান করিবে, আমার নিকটে তাহাই তুমি বলিতে যোগ্য হও! যদ্যপি তোমার চরণারবিন্দের দাস্যই আমার একমাত্র পুরুষার্থ; তাদৃশ অর্থাৎ মোক্ষ-সম্পাদক ধ্যানে কোনই প্রয়োজন নাই, তথাপি জিজ্ঞাসু ব্যক্তির কল্যাণার্থে আমি এইপ্রকার জিজ্ঞাসা করিলাম।" শ্রীউদ্ধব মহাশয় "ত্বয়োপযুক্ত স্রগ্‌গন্ধ" ইত্যাদি ১১।৬।৩১ শ্লোকে নিজের দাস্যই যে পরম পুরুষার্থ, তাহাই প্রকাশ করিয়াছিলেন॥ ৩৩৬॥

শ্রীকৃষ্ণের সর্ব্ব অবতার এবং সর্ব্বাবতারীতে যে পরম শুভস্বভাব প্রকাশ হয় নাই, সেই স্বভাবটি স্মরণ করিয়া শ্রীউদ্ধব মহাশয় বলিয়াছিলেন—

অহো বকী যং স্তনকালকূটং জিঘাংসয়াপায়দপ্য সাধ্বী।
লেভে গতিং ধাত্র্যুচিতাং ততোঽন্যং কং বা দয়ালুং শরণং ব্রজেম॥
৩।২।২৩॥

অহো! অসৎ স্বভাবসম্পন্না রাক্ষসী পুতনা শ্রীকৃষ্ণের প্রতি জিঘাংসা-বুদ্ধিতে কালকূটবিষলিপ্ত স্তন পান করাইয়াও ধাত্রীগণের প্রাপ্য যে স্থান, তাহা লাভ করিয়াছিল। অতএব যে প্রভুর এত দয়া, সেই দয়ালু প্রভু শ্রীকৃষ্ণ ব্যতিত অন্য কাহার শরণ গ্রহণ করিবে?॥ ৩৩৭॥

অনেন তত্রাপি গোকুললীলাত্মকস্য শ্রীকৃষ্ণস্য ভজনমাহাত্ম্যাতিশয়ো দর্শিতঃ। তথা পূতনা লোকবালঘ্নীত্যাদৌ চ জ্ঞেয়ম্। তথা শ্রীকৃষ্ণসন্দর্ভে চ যেন যেনাবতারেণে-ত্যাদিকং বিবৃতমস্তি। অথ গোকুলে ঽপি শ্রীমদ্‌ব্রজবধূসহিত রাসাদিলীলাত্মকস পরমবৈশিষ্ট্যমাহ বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্‌ যঃ। ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং হৃদরোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ॥ ৩৩॥

চ কারাদন্যচ্চ। অথেতি বার্থে। শৃণুয়াদ্বা বর্ণয়েদ্বা। উপলক্ষণঞ্চৈতদ্ ধ্যানাদেঃ। পরাং যতঃ পরা নাস্যা কুত্রচিদ্বিদ্যতে তাদৃশীম্। হৃদ্রোগং কামাদিকমপি শীঘ্রমেব